গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
হরিপুর, ঠাকুরগাঁও।

| | | |
|---|---|---|
| বিষয় | : | **অক্টোবর- ২০২৩খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী।** |
| সভাপতি | : | জনাব মোঃ জিয়াউল হাসান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও। |
| তারিখ | : | ২৬ অক্টোম্বর, ২০২৩ খ্রিঃ |
| সময় | : | বেলা ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দ্রষ্টব্য।**

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সহ অন্যান্য সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। জেলা পরিষদ চেয়ারম্যানের অকাল মৃত্যুতে ০১ মিনিট নিরবতা পালন করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর মহোদয়কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। সভায় পূর্ববর্তী মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হলে তাতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০২। **বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্তঃ**

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, আসন্ন রবি মৌসুমে সারের যাতে কোন সমস্যা না হয় সেই বিষয়ে মনিটরিং কার্যক্রম চলমান আছে। প্রণোদনা বিতরণের কার্যক্রম চলমান রয়েছে। কৃষি ঋণ গ্রহণে আগ্রহী কৃষকের তালিকা ব্যাংকে প্রেরণ করা হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, হরিপুর |
| স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা পরিষদের পক্ষ থেকে স্বাস্থ্য কমপ্লেক্সের আইপিএস এর ব্যবস্থা করার জন্য তিনি বিনীতভাবে অনুরোধ করেন। আর এম ও সভায় জানান, হাসপাতালে অপারেশন থিয়েটার ভালো আছে। তবে এনাসথেসিয়া ডাক্তার ও ডেলিভারীর জন্য একজন সহকারী ডাক্তার নেই। রোগীর কাছ থেকে আনুমানিক ৫,০০০/- টাকা গ্রহণ সাপেক্ষে সিজারিয়ান অপারেশন করা যেতে পারে। এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণকে ব্যাপক প্রচারণা চালানোর অনুরোধ করেন। | ১। দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে।<br>২। ইউপি চেয়ারম্যানগণকে এ বিষয়ে ব্যাপক প্রচারণা চালাতে হবে।<br>৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে সিজারিয়ান রোগীর কাছ থেকে ৫,০০০/- টাকা নেয়া যেতে পারে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর |
| প্রাণি সম্পদ দপ্তর | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, গত মাসে বিনামূল্যে ছাগলের ভ্যাকসিন দেয়া হয়েছে। হাসপাতালে নিয়ে আসা অসুস্থ প্রাণী রাখার জন্য একটি শেড নির্মাণ করা হলে উপকার হতো। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও। |
| মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাল আটকের অভিযান তৎপরতা বিদ্যমান আছে। তাছাড়া অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তেমন কোন সসস্যা নেই। | জাল আটকের অভিযান অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, হরিপুর। |
| পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, বর্তমানে পরিবার পরিকল্পনা নিয়মিতকরণে কাজ করে যাচ্ছেন। তবে সকলের সহযোগিতা না থাকলে এটা বাস্তবায়ন করতে পারবেন না। এজন্য তিনি সকলে সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর। |
| শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা কর্মকর্তা(ভাঃ) সভায় জানান, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক। আপাতত তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, হরিপুর |
| মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা প্রতিনিধি সভায় জানান, ২০২৪ শিক্ষাবর্ষের জন্য নতুন পাঠ্যবই ইতোমধ্যে উপজেলা পর্যায়ে আসা শুরু হয়েছে। অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক। আপাতত তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হরিপুর। |
| তথ্য ও | সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, ইউনিয়নের পোর্টালগুলো | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রোগ্রামার, |

| | | | |
|---|---|---|---|
| যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | আপডেট করা হয়েছে। এছাড়া তার দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | | হরিপুর। |
| জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ২০২৩-২৪ অর্থবছরে ১৫৬ টি নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। পরিপত্র অনুযায়ি মাননীয় সংসদ সদস্য ৭৮টি মোট বরাদ্দের ৫০%) বাকী ৭৮টি উপজেলা মাসিক সভার সিধান্তের আলোকে বিভাজন করা হলো। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, হরিপুর, |
| উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, ভিক্ষুক পুণর্বাসন কার্যক্রমের আওতায় ০৯টি দোকান দেয়া হয়েছে। এছাড়াও অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হরিপুর। |
| যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হরিপুর। |
| সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলায় সমবায় বিভাগে সমবায় সমিতি অডিট নিষ্পন্ন, প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ০৪ নভেম্বর জাতীয় সমবায় দিবস পালিত হবে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, হরিপুর। |
| খাদ্য দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অত্র উপজেলায় খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ০৮ জনের তালিকা পেয়েছি। বাকীগুলো যখন তালিকা প্রয়োজন হবে তখন চেয়ারম্যানদের জানানো হবে। অত্র দপ্তরের অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হরিপুর। |
| পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা(ভাঃ) সভায় জানান যে, জনশুমারি ও গৃহ গণনার কার্যক্রমের উপজেলা ভিত্তিক গেজেট হয়নি। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, হরিপুর। |
| আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, আনসার ও ভিডিপিকে স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় চেষ্টা অব্যাহত আছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, হরিপুর। |
| প্রকল্প বাস্তবায়ন দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, সাংসদ মহোদয়ের বরাদ্দকৃত কাজগুলো চলমান রয়েছে। অত্র দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হরিপুর। |
| মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় অক্টোবর/২৩ মাসের ভাতা ভোগীদের নামের তালিকা অনুমোদনের জন্য সভা করা হয়েছে। এছাড়া কিছু ইউনিয়ন পরিষদ এখনো তালিকা জমা দেয়নি। তাদেরকে অতি দ্রুত তালিকা জমা দেয়ার জন্য অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হরিপুর। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, অত্র দপ্তরে তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হরিপুর। |
| সেটেলম্যান্ট বিভাগ | সহকারী সেটেলম্যান্ট কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী সেটেলম্যান্ট অফিসার, হরিপুর। |
| বন বিভাগ | ফরেস্টার, সদর নার্সারী সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ফরেস্টার,সদর নার্সারী, হরিপুর। |
| বরেন্দ্র দপ্তর | সহকারী প্রকৌশলী বিএমডিএ সভায় জানান, আগের আবেদনগুলোর বরাদ্দ আগে হবে সেজন্য আগামী সপ্তাহে সভা হবে। পরবর্তী ধাপে পরেরগুলো হবে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | সেচ কমিটির সভা নিয়মিত আয়োজন করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, হরিপুর। |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, অত্রাফিসের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। বাজেট কম আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা | গণশুনানীতে সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পঃ দাঃ বিঃ ফাঃ কর্মকর্তা , হরিপুর। |

| | | | |
|---|---|---|---|
| | নেই। | | |
| আপা | উপজেলা তথ্য সেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা তথ্যকেন্দ্র অফিসের কার্যক্রম স্বাভাবিক আছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্য সেবা কর্মকর্তা, হরিপুর। |
| পল্লী বিদ্যুৎ বিভাগ | সহকারী জেনারেল ম্যানেজার, ঠাকুরগাঁও পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান, শেখ রাসেল স্টেডিয়ামে বিদ্যুৎ দিবে দিতে হবে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | পল্লী বিদ্যুৎ বিভাগ, হরিপুর। |
| ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান, হাট বাজারের গুরুত্বপূর্ণ পয়েন্টগুলোতে গাড়ি রাখা হচ্ছে সেজন্য মোড়গুলো ক্রস করতে অনেক সমস্যা হচ্ছে। সেজন্য মোড়গুলো ফাঁকা রাখা ও স্ট্রিক লাইটগুলো মেরামত করা প্রয়োজন। উপজেলা মোড়ে দুইজন গ্রাম পুলিশ রাখা প্রয়োজন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সেজন্য মোড়গুলো ফাঁকা রাখা ও স্ট্রিক লাইটগুলো মেরামত করা প্রয়োজন। উপজেলার মোড়ে দুইজন গ্রাম পুলিশ মোতায়েন করতে হবে। | উপজেলা প্রকৌশলী, হরিপুর<br>৫ নং ইউপি চেয়ারম্যান |
| ভাইস চেয়ারম্যান (মহিলা) উপজেলা পরিষদ | উপজেলা ভাইস চেয়ারম্যান (মহিলা) সভায় জানান, হরিপুর হাসপাতালে সিজারের বিষয়টি অনেক গুরত্বপূর্ণ কারণ হরিপুরে যেহেতু সিজারিয়ান অপারেশ চালু হয়নি সেজন্য একজন রোগীকে এই অবস্থায় অনেক দূরে যেতে হবে। এছাড়া একজন গাইনি ডাক্তার থাকলে রোগীদের সেবা দিতে সুবিধা হয়। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর |
| মুক্তিযোদ্ধা ডেপুটি কমান্ডার (সাবেক) | উপজেলা মুক্তিযোদ্ধা ডেপুটি কমান্ডার(সাবেক) সভায় জানান, হাসপাতালে মুক্তিযোদ্ধাদের কেবিনে একটা ল্যাট্রিন নাই। একটা আইপিএসও নাই। এই পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উক্ত সমস্যাগুলো সমাধান করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর |
| চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউপি সভায় জানান, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউপি |
| চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউপি সভায় জানান, বিভিন্ন কাজের জন্য বালুর ব্যবস্থা করা প্রয়োজন সেজন্য তিনি সকলকে অনুরোধ জানান। এছাড়া তার অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউপি |
| চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউপি সভায় জানান, সরকারি কাজ যেমন সিসি ঢালাই ইত্যাদি কার্যক্রমের বালির যাতে ব্যবস্থা করা হয় সেজন্য তিনি অনুরোধ জানান। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউপি |
| চেয়ারম্যান ৪ নং ডাঙ্গীপাড়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউপি সভায় জানান, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ৪ নং ডাঙ্গীপাড়া ইউপি |
| চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউপি সভায় জানান, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউপি |
| চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউপি সভায় জানান, রাস্তার মোড়গুলো খালি রাখতে ও যানজট কামাতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের পাশাপাশি অটো সামিতি আছে তাদেরকে বলতে হবে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, ৬ নং ভাতুরিয়া ইউপি |

**০৩। বিবিধঃ**

০১। আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় জানান যে, অত্র পরিষদে নভেম্বর/২০২৩ খ্রিঃ মাসে অগ্রিম আপ্যায়ন খাতে ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা মাত্র) এবং আনুষাঙ্গিক খাতে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) ব্যয় হবে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| আনুষাঙ্গিক ও আপ্যায়ন ব্যয় বাবদ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০২। আলোচনায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয় জানান যে, অত্র পরিষদে অক্টোবর/২০২৩খ্রিঃ মাসে ইন্টারনেট খাতে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত টাকা মাত্র) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ইন্টারনেট খাতে ৪,৫০০/- (চার হাজার পাঁচশত টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০৩। আলোচনায় উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদের , সেপ্টেম্বর হতে অক্টোবর/২০২৩খ্রিঃমাসে উপজেলা বঙ্গবন্ধু ম্যুরালের ভিতরের আগাছা পরিষ্কারকরণ বাবদ ৮,০০০/-(আট হাজার টাকা মাত্র) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা বঙ্গবন্ধু ম্যুরালের আগাছা পরিষ্কারকরণ বাবদ ৮,০০০/-(আট হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর।<br>৩। উপজেলা প্রকৌশলী, হরিপুর। |

(০৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ হরিপুর মহোদয় সভায় জানান, উপজেলা পরিষদের পিছনের গেটটি (পশ্চিম পার্শ্বে) ভেঙ্গে গেছে যার কারণে রাতের বেলা পুরো উপজেলা অনিরাপদ থাকে। তাই এই গেটটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং ক মোতাবেক উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ বাবদ উপজেলা পরিষদের সিধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিষদ করা যেতে পারে। উপজেলা পরিষদের পিছনের গেটটি (পশ্চিম পার্শ্বে) মেরামত সংক্রান্ত প্রাক্কলিত ব্যয়=২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা। যা উপজেলা পরিষদের সিধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদের পিছনের গেটটি (পশ্চিম পার্শ্বে) মেরামত বাবদ ২৫,০০০/-পঁচিশ হাজার) টাকা মাত্র টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। উপজেলা প্রকৌশলি,হরিপুর। |

(০৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ হরিপুর মহোদয় সভায় জানান, উপজেলা পরিষদের পুরাতন ভবন (সাবেক চেয়ারম্যান অফিস) টি বসবাসের অনুপোযোগি হয়ে গেছে যা মেরামত করা একান্ত প্রয়োজন। এছাড়া উপজেলা পরিষদের পুরাতন অফিস ভবনের (সাবেক ইউ এন ও অফিস) ছাদটিতে ঘাস ও লতাপাতা গজিয়েছে এবং ছাদটি বিভিন্ন জায়গায় ভেঙ্গে গেছে যার কারণে ভবনটি ব্যবহারে অসুবিধা হচ্ছে। যার ফলে উপজেলা পরিষদের পুরাতন ভবন (সাবেক চেয়ারম্যান অফিস) ও পুরাতন অফিস ভবনের (সাবেক ইউ এন ও অফিস) ছাদ মেরামতকরণ করা জরুরী প্রয়োজন। মেরামত সংক্রান্ত প্রাক্কলিত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০, অনুচ্ছেদ ৩ এর ক্রমিক নং ক মোতাবেক উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ বাবদ উপজেলা পরিষদের সিধান্তক্রমে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিষদ করা যেতে পারে। উপজেলা প্রকৌশলির প্রাক্কলন মোতাবেক ভবন দুটির মেরামত ব্যয় ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদের পুরাতন ভবন (সাবেক চেয়ারম্যান অফিস) ও পুরাতন অফিস ভবনের (সাবেক ইউ এন ও অফিস) ছাদ মেরামতকরণ বাবদ ব্যয়=১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। উপজেলা প্রকৌশলি,হরিপুর। |

(০৫) জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, জুলাই থেকে সেপ্টেম্বর -২০২৩, মাসের ভ্রমন বিল বাবদ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর মহোদয়ের ২৫,৬২৫/-(পঁচিশ হাজার ছয়শত পঁচিশ) টাকা, জুলাই, ২০২৩ থেকে সেপ্টেম্বর, ২০২৩, মাসের ভ্রমন বিল বাবদ ভাইস-চেয়ারম্যান মহোদয়ের ২০,৫০০/-(বিশ হাজার পাঁচশত) টাকা এবং জুলাই,২০২৩ থেকে জুন, ২০২৩, মাসের ভ্রমন বিল বাবদ মহিলা ভাইস-চেয়ারম্যান মহোদয়ের ২০,৫০০/-(বিশ হাজার পাঁচশত) টাকা। যার সর্বমোট ভ্রমণ ব্যয় বিল ৬৬,৬২৫/-(ছেষট্টি হাজার ছয়শত পঁচিশ) টাকার বিল পরিশোধ দেয়া হয়েছে। যা অদ্যকার সভায় অনুমোদন হওয়া প্রয়োজন।
বিস্তারিত আলোচনায় বর্ণিত ভ্রমন বিলসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা চেয়ারম্যান মহোদয়ের জুলাই থেকে সেপ্টেম্বর ২০২৩ ও ভাইস চেয়ারম্যান মহোদয়ের জুলাই, ২০২৩খ্রিঃ থেকে সেপ্টেম্বর, ২০২৩খ্রিঃ মাসের ভ্রমণ ব্যয় বিল এবং মহিলা ভাইস-চেয়ারম্যান মহোদয়ের জুলাই ২০২৩ থেকে সেপ্টেম্বর, ২০২৩ মাসের ভ্রমন বিল বাবদ সর্বমোট ভ্রমণ ব্যয় বিল ৬৬,৬২৫/-(ছেষট্টি হাজার ছয়শত পঁচিশ) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

(০৮) জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে সভায় জানান, উপজেলা পরিষদ জীপগাড়ির সেপ্টেম্বর/২০২৩খ্রিঃ মাসে জ্বালানী বিল বাবদ ৩৩,৪০৫/- (তেত্রিশ হাজার চারশত পাঁচ) টাকা প্রাদান করা হয়েরছ যা অদ্যকার সভায় অনুমোদন কারা প্রয়োজন।
বিস্তারিত আলোচনায় বর্ণিত ভ্রমন বিলসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদ জীপগাড়ির আগস্ট-২০২৩খ্রিঃ মাসের জ্বালানী ব্যয় বিল ৩৩,৪০৫/- (তেত্রিশ হাজার চারশত পাঁচ) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

উপজেলা নির্বাহী অফিসার সভায় আরও জানান, শেখ রাসেল স্টেডিয়াম রোলিং করা হয়নি ও বিদ্যুৎ সংযোগ করাও হয়নি কিন্তু সামনে এটি উদ্বোধন হতে পারে সেজন্য তিনি এই কাজগুলো দ্রুত শেষ করতে সংশ্লিষ্ট দপ্তরকে অবহিত করেন। উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের বক্তব্যের প্রেক্ষাপটে তিনি রাস্তার মোড়েগুলোর স্ট্রিক লাইট কতগুলো ভালো আছে তা জানতে চান এবং লাইটগুলো দেখতে পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করেন।

আর কোন আলোচনা না থাকায় সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জিয়াউল হাসান
চেয়ারম্যান
**উপজেলা পরিষদ**
ও
**সভাপতি**
**উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা**
**হরিপুর, ঠাকুরগাঁও।**

স্মারক নং- ০৫.৫৫.৯৪৫১.০০০.০৩.০০৩.২৩-৭৯৯ তারিখঃ ২৬/১০/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। মাননীয় সংসদ সদস্য-৪, ঠাকুরগাঁও-২
০২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
০৬। উপজেলা ..........................................................কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও।
০৭। চেয়ারম্যান ..........................................................(সকল) ইউপি, হরিপুর, ঠাকুরগাঁও।

উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও।